



ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে তারেক রহমানের বার্তা



সংগৃহীত ছবি

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বাংলাদেশসহ বিশ্বের সমগ্র মুসলিম উম্মাহকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। বার্তায় তিনি বলেন, ঈদে মিলাদুন্নবী সেই মহিমান্বিত দিন, যেদিন মানবতার মুক্তিদূত হযরত মুহাম্মদ (সা.) পৃথিবীতে আগমন করেছিলেন। তাঁর আবির্ভাব অন্ধকারাচ্ছন্ন জাহেলিয়াত যুগকে আলোর পথে ফিরিয়ে এনেছিল। সত্য, ন্যায়, ইনসাফ ও শান্তির বাণী প্রচারের মাধ্যমে তিনি মানবজাতিকে মুক্তির দিশা দেখিয়েছেন। তারেক রহমান বলেন, মহানবী (সা.) ছিলেন “রহমাতুল-ইল-আলমিন”—সমগ্র মানবজাতির প্রতি আল্লাহর পক্ষ থেকে এক অনন্য দয়া ও মহাদান। তাঁর জীবনই হচ্ছে শান্তি, সাম্য, ন্যায় ও মানবকল্যাণের প্রকৃত পথপ্রদর্শক।

তিনি আরও উল্লেখ করেন, আজকের বিশ্বে যে অবিচার, সহিংসতা ও বৈষম্য বিরাজ করছে, তা দূর করতে হলে মহানবী (সা.)-এর শিক্ষা ও আদর্শকে জীবনের প্রতিটি ক্ষেত্রে ধারণ করতে হবে। কেবল তবেই একটি শান্তিপূর্ণ, ন্যায়ভিত্তিক ও মানবিক সমাজ প্রতিষ্ঠা সম্ভব হবে।

বার্তার শেষে তারেক রহমান প্রত্যাশা ব্যক্ত করেন, মুসলিম উম্মাহ মহানবীর আদর্শকে অনুসরণ করে নিজেদের জীবন গড়ে তুলবে এবং মানবতার কল্যাণে কাজ করবে।